# CENTRAL HOSPITAL LIMITED

## SPECIAL SUPPLEMENT TO MARK THE INAUGURATION

Choice Advertising



প্রধানমন্ত্রী

**প্রধানমন্ত্রী**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১০ চৈত্র ১৪০৫
২৪ মার্চ ১৯৯৯

## বাণী

সেন্ট্রাল হসপিটাল লিমিটেডের শুভ উদ্বোধন উপলক্ষে আমি এ প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাই।

হাসপাতাল বা এ ধরনের প্রতিষ্ঠানের মূল লক্ষ্য হওয়া উচিত ধনী দরিদ্র নির্বিশেষে দেশের সাধারণ মানুষের জন্য প্রকৃত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা।

আমি সেন্ট্রাল হসপিটাল লিমিটেড-এর গণকল্যাণমুখী কার্যক্রমের সর্বাঙ্গীণ সফলতা কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

শেখ হাসিনা



**মন্ত্রী**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী


সেন্ট্রাল হসপিটাল লিমিটেড-এর শুভ উদ্বোধন উপলক্ষে আমি এ প্রতিষ্ঠানের উদ্যোক্তা ও সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাই। আমাদের মৌলিক অধিকার স্বাস্থ্য ও সুচিকিৎসা সমুন্নত রাখতে হস্পিটালের অবদান অপরিহার্য। আমাদের জন্য উন্নত চিকিৎসা ও সেবার ব্যবস্থা যুগোপযোগী করে তোলার স্বপ্ন সফল হবে ইহা অত্যন্ত আশাব্যঞ্জক।

চিকিৎসা ও সেবার ক্ষেত্রে প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানসম্পন্ন হবে এবং দেশের চিকিৎসা ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

আমি সেন্ট্রাল হসপিটাল লিমিটেড-এর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

জয়বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

**(সালাহ্ উদ্দিন ইউসুফ)**



**মন্ত্রী**
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
এবং
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

## বাণী

সেন্ট্রাল হসপিটাল লিমিটেড এর শুভ উদ্বোধন হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত এবং উদ্যোক্তাসহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাচ্ছি।

সুস্বাস্থ্য নাগরিকের একটি মৌলিক অধিকার। এই অধিকার প্রতিষ্ঠায় সেন্ট্রাল হসপিটাল লিঃ একটি মাইলফলক হিসাবে কাজ করবে বলেই আমার বিশ্বাস। অনুকরণযোগ্য সেবা এবং জবাবদিহিতা মুলক চিকিৎসা কার্যক্রম নিশ্চিত করতে হসপিটাল কর্তৃপক্ষ সবিশেষ সচেষ্ট থাকবে এই আমার প্রত্যাশা।

আমি সেন্ট্রাল হসপিটাল লিঃ এর সাফল্য ও শুভ কামনা করি।

জয়বাংলা জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবি হোক।

**(ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন)**



**মেয়র**
ঢাকা সিটি করপোরেশন
ঢাকা


## বাণী

সেন্ট্রাল হসপিটাল লিমিটেডের শুভ উদ্বোধন উপলক্ষে আমি জাতীয় অধ্যাপক (ডাঃ) এম আর খান সহ এ প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন। আমি বিশ্বাস করি আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি সমৃদ্ধ এ হসপিটাল দক্ষ স্বাস্থ্য সেবার এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হবে এবং মানুষের অন্যতম মৌলিক অধিকার স্বাস্থ্য ও সুচিকিৎসা নিশ্চিত করতে গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

সেন্ট্রাল হসপিটাল লিমিটেড এর কার্যক্রম সুচারু ও সুন্দর হউক। আমি এই প্রতিষ্ঠানের সার্বিক সফলতা কামনা করি।

আল্লাহ হাফেজ,
বাংলাদেশ চিরজীবী হোক।

**(মোহাম্মদ হানিফ)**
মেয়র
ঢাকা সিটি করপোরেশন, ঢাকা।



**প্রতিমন্ত্রী**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

আমি জেনে অত্যন্ত আনন্দিত হয়েছি যে, ০২রা মে' ১৯৯৯ বেসরকারী পর্যায়ে দেশে আন্তর্জাতিক মানের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে সেন্ট্রাল হসপিটাল লিমিটেড এর শুভ উদ্বোধন হতে যাচ্ছে। চিকিৎসা-মানুষের মৌলিক অধিকারের মধ্যে অন্যতম। আমাদের সংবিধানে তাই জনগণের মৌলিক অধিকার হিসেবেই চিকিৎসাকে অন্তর্ভূক্ত করা হয়েছে। আমাদের মত উন্নয়নশীল এবং জনসংখ্যা আধিক্য দেশে সরকারী পর্যায়ে চিকিৎসা ব্যবস্থার পাশাপাশি বেসরকারী উদ্যোক্তাদের ব্যাপকভাবে এগিয়ে আসতে হবে। মানবতার সেবার পাশাপাশি দেশের সার্বিক চিকিৎসা ব্যবস্থায় অংশগ্রহণের মধ্যে দিয়ে হাসপাতালটি বিশেষ গৌরব অর্জন করবে বলেই আমার বিশ্বাস। সেই লক্ষ্যকে সামনে রেখে হসপিটালটি মানবতার সেবায় তথা জাতীয় স্বাস্থ্য ব্যবস্থায় মূল্যবান অবদান রাখবে বলে আমার বিশ্বাস। সেবাধর্মী প্রতিষ্ঠান হিসেবে হসপিটালটি অনন্য ভূমিকা পালন করবে।

সেন্ট্রাল হসপিটাল লিমিটেড-এর কার্যক্রম সুদুর প্রসারী এবং সুন্দর হোক। জাতীয় চিকিৎসা ব্যবস্থায় হসপিটালটি সেবা প্রদানের ক্ষেত্রে দৃষ্টান্তমূলক ভূমিকা পালন করুক-এই প্রত্যাশা নিয়ে আমি এই প্রতিষ্ঠানটির সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

জয়বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

**(অধ্যাপক ডাঃ এম, আমানউল্লাহ)**

## MESSAGE

I am pleased to learn that Central Hospital Ltd. is starting its operation in Dhaka on 2 May 1999 to provide health care needs of all segments of people at a reasonable cost.

The capacity of the private sector to assume a larger role in health care delivery needs no emphasis. It is hoped that the hospital will be able to contribute substantially towards improving the overall quality of health care provided to the people of Bangladesh - specially to the needy and underserved.

I wish Central Hospital Ltd. every success.

**Dr W. Hardjotanojo**
WHO Representative and Chief of
Mission in Bangladesh